রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ২৯, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

বিচার শাখা-৪

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১২ই জ্যৈষ্ঠ, ১৩৯৭/২৭শে মে, ১৯৯০

নং এস, আর, ও, ১৯৪-আইন/৯০/২৬০-বিচার-৪/৫সি-৭/৮৩—দেওয়ানী আদালত আইন ( ১৮৮৭ সালের ১২ নম্বর আইন ) এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন ( ১৮৯৮ সালের ৫ নম্বর আইন ) এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে অত্র মন্ত্রণালয়ের ৭ই ফাল্গুন ১৩৯৫/১৯শে ফেব্রুয়ারী ১৯৮৯ তারিখের এস, আর, ও, ৫৪-আইন/৮৯/১১০-বিচার ৪/৫সি-৭/৮৩ নম্বর প্রজ্ঞাপন সংশোধনক্রমে সরকার নির্দেশ দিতেছে যে, নড়াইলের যে অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতটি বরিশালে বদলী করা হইয়াছিল তাহা, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, বরিশালের পরিবর্তে ময়মনসিংহ জেলা সদরে স্থাপিত হইবে।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ আলাউদ্দিন সরদার
উপ-সচিব



মূল্যঃ ৩০ পয়সা

প্রজ্ঞাপন

ঢাকা, ১২ই জ্যৈষ্ঠ, ১৩৯৭/২৭শে মে, ১৯৯০

নং এস, আর, ও, ১৯৫-আইন/৯০—অর্থ ঋণ আদালত আইন, ১৯৯০ ( ১৯৯০ সালের ৪ নং আইন ) এর ধারা ৪-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার—

(ক) কুমিল্লা, টাংগাইল ও সিলেট জেলাসমূহের প্রত্যেকটিতে দুইটি করিয়া; এবং

(খ) রাজশাহী, যশোহর, ময়মনসিংহ, বগুড়া, রংপুর, ঢাকা, চট্টগ্রাম ও খুলনা জেলা-সমূহ ব্যতীত, দেশের অন্যান্য জেলাসমূহের প্রত্যেকটিতে একটি করিয়া অর্থ ঋণ আদালত প্রতিষ্ঠা করিলেন; এবং

(গ) সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে,—

(অ) দফা (ক) তে উল্লেখিত জেলাসমূহের সাব-জজগণকে উক্ত দফায় উল্লিখিত অর্থ ঋণ আদালতসমূহের, এবং

(আ) দফা (খ) তে উল্লিখিত জেলাসমূহের সাব-জজগণকে যথাক্রমে উক্ত দফায় উল্লিখিত অর্থ ঋণ আদালতসমূহের বিচারক নিযুক্ত করিলেন।

২। এই প্রজ্ঞাপন দ্বারা নিযুক্ত বিচারকগণ সাব-জজ আদালতে তাঁহাদের নিজ নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে অর্থ ঋণ আদালতের বিচারকরূপে দায়িত্ব পালন করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আলাউদ্দিন সরদার

উপ-সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।